



গোপালগঞ্জে ভোটকেন্দ্রে ককটেল বিস্ফোরণে আহত তিনজন



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জ সদর উপজেলার রেশমা ইন্টারন্যাশনাল স্কুল কেন্দ্রে ভোট চলাকালীন ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে দায়িত্বরত দুই আনসার সদস্য এবং ভোটের সঙ্গে উপস্থিত এক শিশু আহত হয়েছেন।

আহত আনসার সদস্যরা হলেন সুকঠ মজুমদার ও জামাল হোসেন। আহত শিশুর নাম আমেনা খানম, বয়স ১৩ বছর। বিস্ফোরণ ঘটে বৃহস্পতিবার সকাল ৯টার দিকে, যখন দুর্বৃত্তরা কেন্দ্রে বাইরে থেকে ককটেল নিক্ষেপ করে। বিকট শব্দে ভোটারদের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়।

LENS ASIA